

## টাকা উপার্জনের প্রতিযোগিতার জন্য শিক্ষায় নেতিবাচক প্রভাব ॥ খুবি ভিসি

প্রকাশিত: ২০ - সেপ্টেম্বর, ২০১৯ ১২:০০ এ. এম.

স্থাফ রিপোর্টার, খুলনা অফিস ॥ খুলনা বিশ্ববিদ্যালয়ের আচার্য জগদীশচন্দ্র বসু একাডেমিক ভবনের সাংবাদিক লিয়াকত আলী মিলনায়তনে বৃহস্পতিবার সকালে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর আয়োজিত প্রশ্নব্যাংকে নির্ভুল ও মানসন্মত প্রশ্নপত্র প্রাপ্তির জন্য প্রশ্নপত্র প্রণয়ন পদ্ধতি, শুদ্ধ বানান-লিখন ও সম্পাদনার কলাকৌশল বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথি ছিলেন খুলনা বিশ্ববিদ্যালয়ের (খুবি) উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ ফায়েক উজ্জামান। তিনি বলেন, শিক্ষক আন্তরিক হলে, মানবিক হলে, নৈতিক বা মূল্যবোধ সম্পন্ন হলে শিক্ষার্থীরা ভাল কিছু শিখতে পারে। আর সঠিকভাবে খাতা মূল্যায়ন না হলে শিক্ষার্থীর জীবন নষ্ট হতে পারে। তিনি বলেন, চাহিদার কারণে অধিক টাকা আয়ের প্রতিযোগিতার ফলে সমাজে অস্থিরতা বিরাজ করছে, শিক্ষা সেক্টরেও এর নেতিবাচক প্রভাব পড়েছে। এই বাণিজ্যিক মনোবৃত্তি থেকে বের হতে না পারলে জাতির ভবিষ্যত আরও ক্ষতিগ্রস্ত হবে। কর্মশালায় সভাপতিত্ব করেন যশোর শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মোহাম্মদ আব্দুল আলীম। বিশেষ অতিথি ছিলেন বোর্ডের সচিব প্রফেসর এ এম এইচ আলী আর রেজা। স্বাগত বক্তব্য রাখেন বোর্ডের পরীক্ষ নিয়ন্ত্রক প্রফেসর মাধব চন্দ্র রুদ্র। কর্মশালায় আরও বক্তব্য রাখেন বোর্ডের বিদ্যালয় পরিদর্শক ড. বিশ্বাস শাহীন আহমেদ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অধিদফতরের আঞ্চলিক পরিচালক নিভা রাণী পাঠক, মাধ্যমিক শিক্ষা অফিসার খন্দকার রুহুল আমীন।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্রোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: <a href="www.dailyjanakantha.com">www.dailyjanakantha.com</a> এবং <a href="www.edailyjanakantha.com">www.edailyjanakantha.com</a> ।। Copyright ® All rights reserved by dailyjanakantha.com

